**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বন্দুক সহিংসতা মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে অগ্রগতি প্রদর্শনকারী নতুন বন্দুক জব্দ করার এবং অপরাধ ডেটা উন্মোচন করলেন

***স্টেট পুলিশ 2022 সালে 662টি বন্দুক জব্দ করেছে, যা 2021 সালের একই সময়কালের তুলনায় 98 শতাংশ বেশি***

***2021 সালের একই সময়কালের তুলনায় জব্দ করা গোস্ট গানের সংখ্যা 38 শতাংশ বেশি***

***স্টেট পুলিশ 2022 সালে 346টি বন্দুক খোঁজার তদন্ত করেছে, যার ফলে 22টি স্টেটে 70টি তদন্তের সূত্র পাওয়া গেছে***

***সামগ্রিক প্রচেষ্টার একই সময় প্রায় দুই বছরের বেশি সময়কালে প্রথমবারের মতো নিউ ইয়র্ক সিটির বন্দুক সহিংসতার সংখ্যায় পতন দেখা গেছে, গত বছরের তুলনায় নিউ ইয়র্ক সিটিতে গুলির ঘটনা 12 শতাংশ কমেছে***

***স্টেটের বন্দুক সংশ্লিষ্ট সহিংসতা নির্মূল উদ্যোগে অংশগ্রহণকারী 20টি জুরিসডিকশনে গুলির ঘটনা প্রায় 7 শতাংশ কমেছে***

***গভর্নর হোকল আইনসভার সাথে নিউ পলিসি নিয়ে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছেন যা সুপ্রিম কোর্টের লুকিয়ে বহন করার রায়ের সাড়াদান করবে; বৃহস্পতিবার এক্সট্রাঅর্ডিনারি অধিবেশন নির্ধারণ করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে বন্দুক জব্দ করা, বন্দুক খোঁজার তদন্ত, এবং বন্দুক সম্পর্কিত অপরাধের ব্যাপারে নতুন ডেটা উন্মোচন করেছেন যা প্রদর্শন করে যে বন্দুক সহিংসতা মহামারীর বিরুদ্ধে লড়াই করতে নিউ ইয়র্ক স্টেটের সার্বিক প্রচেষ্টা এবং কৌশলী বিনিয়োগ অগ্রগতির লক্ষণ দেখানো শুরু করেছে। ডেটায় রয়েছে স্টেট পুলিশের (State Police) বছরের পর বছর বন্দুক ও গোস্ট গান জব্দ করায় একটি উল্লেখযোগ্য বৃদ্ধি, উভয়ই অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal Guns) গঠন করার সময়ের সাথে মিলে যায়। এছাড়াও গভর্নর দুই বছরের বেশি সময়ের মধ্যে নিউ ইয়র্ক সিটির বন্দুক অপরাধের সংখ্যায় প্রথম দৃষ্টিগোচর পতনের উপর আলোকপাত করেন, যা হলো গত বছরে গুলির ঘটনার

তুলনায় 12 শতাংশ হ্রাস। নিউ ইয়র্ক সিটির বাইরে, স্টেটের বন্দুক সংশ্লিষ্ট সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী 20টি জুরিসডিকশন গত বছরের তুলনায় গুলির ঘটনায় প্রায় সাত শতাংশ পতন দেখতে পেরেছে।

"বন্দুক সহিংসতা প্রতিরোধ কর্মসূচিসমূহে উল্লেখযোগ্য পরিমাণ স্টেট বিনিয়োগ দিয়ে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির মধ্যে নজিরবিহীন সহযোগিতামূলক কাজ দিয়ে আমরা আমাদের সম্প্রদায় থেকে বন্দুক সহিংসতা নির্মূল করার ক্ষেত্রে আমাদের সার্বিক প্রচেষ্টায় অর্থপূর্ণ অগ্রগতি দেখতে পারছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা গোস্ট গানসহ প্রাণঘাতী অস্ত্রসমূহকে আমাদের সড়ক থেকে অপসারণ করতে আমাদের প্রচেষ্টা আগ্রাসীভাবে জোরদার করছি, এবং 22টি স্টেটজুড়ে কয়েক শ তদন্তের সূত্র বের করেছি, যার ফলে বন্দুক সহিংসতায় দুই বছরের বেশি সময়ের মধ্যে প্রথম দৃষ্টিগোচর হ্রাস দেখা গেছে। যদিও এটি অনস্বীকার্য অগ্রগতি, আমাদের কাজ মাত্র শুরু হচ্ছে। নিউ ইয়র্কের গোপনে বহন করার আইনের 'যথাযথ কারণ' বিধানটি বাতিল করার সুপ্রিম কোর্টের (Supreme Court) বেপরোয়া সিদ্ধান্তের পর, আমি আগামীকাল আইনসভায় একটি এক্সট্রাঅর্ডিনারি অধিবেশন আহবান করছি, যেখানে আমরা নতুন পলিসি প্রণয়ন করবো যা এই সিদ্ধান্তের আওতায় থেকে গোপনে বহন করার অনুমতি পাওয়ার সুযোগ সতর্কতার সাথে নিয়ন্ত্রণ করবে। আমার দল এটি সঠিকভাবে করার জন্য আইনসভার সাথে দিনরাত কাজ করছে। আমরা নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার ব্যাপারে কোনওভাবেই বিরত থাকবো না।"

"আমি নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখবে এমন সাধারণ বুদ্ধির আইনগতভাবে টেকসই বন্দুক আইন আহ্বান করার ব্যাপারে গভর্নর হোকলের সাথে যোগ দিচ্ছি," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্স দারুণ অগ্রগতি করছে কিন্তু ভুল হাতে বন্দুক পৌঁছানো ঠেকাতে এখনো আরো কাজ বাকি রয়েছে, এবং এই সপ্তাহে যেহেতু আইনসভার বৈঠক রয়েছে তাই আমরা আশা করছি দ্রুতই নিউ ইয়র্কবাসীদের গণপরিবহন এবং ব্যবসাক্ষেত্রে সুরক্ষা প্রদানে সাহায্য করার জন্য যুক্তিসঙ্গত গোপনে বহন করার আইন স্থাপন করতে পারবো।"

গভর্নর হোকল ইস্ট গ্রিনবুশে নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারে (New York State Intelligence Center) অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্সের সাথে একটি বৈঠক শেষে একটি প্রেস কনফারেন্স কিছু মুখ্য বিষয় তুলে ধরেন। বৈঠকে উপস্থিত ছিলেন কাইনেটিকাট, মেইন, ম্যাসাচুসেটস, নিউ হ্যাম্পশায়ার, নিউ জার্সি, পেনসিলভেনিয়া, ভারমন্ট, কুইবেকের আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রতিনিধি, এবং একইসাথে অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র, ও বিস্ফোরক ব্যুরো (Bureau of Alcohol, Tobacco, Firearms, and Explosives, ATF) এবং নিউ ইয়র্ক সিটির পুলিশ ডিপার্টমেন্টের (New York City Police Department) প্রতিনিধি। মুখ্য বিষয়গুলির মধ্যে আছে:

- জানুয়ারি থেকে জুনের মধ্যে, স্টেট পুলিশ 662টি বন্দুক জব্দ করেছে। যা গত বছরের একই সময়কালের তুলনায় 98 শতাংশ বেশি।
- NYC-র বাইরের স্টেটের বন্দুক জব্দ করার সংখ্যা (স্টেট পুলিশ এবং অন্যান্য NYC-র বাইরের জুরিসডিকশন) 2020 সালের তুলনায় 94 শতাংশ এবং 2021 সালের তুলনায় 40 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

- এই বছর এখন পর্যন্ত, স্টেট পুলিশ 346টি বন্দুক খোঁজার তদন্ত করেছে। এই মামলাগুলি থেকে, তারা 22টি স্টেটকে 70টি তদন্তের সূত্র প্রদান করেছে।এই মামলাগুলি হলো অবৈধভাবে আগ্নেয়াস্ত্র সাথে রাখা ও পাচার করার জন্য সেই স্টেটগুলির বাসিন্দাদের নিউ ইয়র্কে গ্রেফতার হওয়ার ব্যাপারে করা তদন্ত।
- জব্দ করা গোস্ট গানের সংখ্যা 2018 সাল থেকে 1800 শতাংশ বৃদ্ধি পেয়েছে, 2020 সাল থেকে 212 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং গত বছরের একই সময়কালের সাথে তুলনা করলে 38 শতাংশ বৃদ্ধি পেয়েছে। স্টেটব্যাপী আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এই বছর এখন পর্যন্ত 360টি গোস্ট গান জব্দ করেছে। স্টেট পুলিশ 2022 সালে 65টি গোস্ট গান জব্দ করেছে, যা পুরো 2021 সালে জব্দ করা গোস্ট গানের থেকে চারটি বেশি।

আজকের ঘোষণায় উন্মোচিত ডেটা প্রদর্শন করে যে শহর, স্টেট, এবং ফেডারেল অংশীদারদের মধ্যকার উন্নত সহযোগিতার লাভ পাওয়া শুরু হয়েছে, বিশেষ করে নিউ ইয়র্ক সিটিতে, যেখানে 2020 সালের মে মাসের পর প্রথমবারের মত বন্দুক সম্পর্কিত সহিংসতায় উল্লেখযোগ্য পতন দেখা গেছে। স্টেট পুলিশ এবং কারেকশন এবং কমিউনিটি সুপারভিশন ডিপার্টমেন্ট (Department of Corrections and Community Supervision, DOCCS), বন্দুক সহিংসতার কৌশলী অংশীদারিত্বের (Gun Violence Strategic Partnership, GVSP) মাধ্যমে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD) এবং অন্যান্য অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে এবং গত বছরের সাথে তুলনা করলে নিউ ইয়র্ক সিটির খুনের সংখ্যা 13 শতাংশ হ্রাস পেয়েছে এবং গুলির ঘটনা 12 শতাংশ হ্রাস পেয়েছে।

স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি নিউ ইয়র্ক সিটির বাইরেও লক্ষণীয় অগ্রগতি করছে। অপরাধ ন্যায়বিচার সেবা ডিভিশন (Division of Criminal Justice Services, DCJS) পরিচালিত স্টেটের GIVE উদ্যোগ স্টেটের তহবিলকে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহকে প্রদান করে কর্মী, সরঞ্জাম, প্রশিক্ষণ, এবং কারিগরি সহায়তার জন্য। GIVE 17টি কাউন্টির 20টি ডিপার্টমেন্টকে সমর্থন করে যা নিউ ইয়র্ক সিটির বাইরের 80 শতাংশের বেশি সহিংস অপরাধের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করে। গত বছরের তুলনায়, GIVE জুরিসডিকশনগুলিতে জখমসহ গুলির ঘটনা 6 শতাংশ কমেছে এবং গুলির শিকার ব্যক্তির সংখ্যা প্রায় 7 শতাংশ কমেছে। এই বছরের বন্দুক সহিংসতার হ্রাস 2020 এবং 2021 সালে এই জুরিসডিকশনগুলিতে উল্লেখযোগ্য বৃদ্ধির অনুবর্তী, যার মধ্যে রয়েছে 2019 থেকে 2020 সালের মধ্যে জখমসহ গুলির ঘটনা 75 শতাংশ বৃদ্ধি পাওয়া। আইনসভার সাথে কাজ করে, গভর্নর হোকল 2023 অর্থবছরের স্টেট বাজেটে GIVE-র জন্য 18.2 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন, এটি 2014 সালে কর্মসূচিটি শুরু হওয়ার পর থেকে এর জন্য সর্ববৃহৎ স্টেট বিনিয়োগ।

**স্টেট পুলিশের সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন,** "গভর্নরের নেতৃত্ব এবং স্টেট পুলিশের অব্যাহত সমর্থনের কল্যাণে, আমরা নিউ ইয়র্ক স্টেটের সরকারের সকল পর্যায়ে, নর্থইস্টের আশেপাশে, এবং কানাডায় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের সাথে কাজ অব্যাহত রেখেছি, যাতে আমাদের সম্প্রদায়ে চলে আসা অবৈধ বন্দুকের ঢেউকে ধীর করতে পারি। আমাদের সদস্যরা বন্দুক সহিংসতা হ্রাস করার ব্যাপারে মনোযোগী এবং প্রতিশ্রুতিবদ্ধ, এবং সাম্প্রতিক মাসগুলিতে আমরা যেই অগ্রগতি করেছি তা দ্বারা উৎসাহিত হচ্ছি।"

**অপরাধ ন্যায়বিচার সেবা ডিভিশনের কমিশনার রোসানা রোসাডো বলেন,** "গত দুই বছর আমাদের GIVE অংশীদারদের এবং তারা যেই সম্প্রদায়ে সেবাদান করে তাদের জন্য অত্যন্ত কঠিন ছিলো। তারা নিজের চোখে বন্দুক সহিংসতার ফলে সৃষ্ট বিপর্যয় দেখেছে কিন্তু তারা এটিও জানে যে GIVE-র মাধ্যমে বাস্তবায়িত প্রমাণভিত্তিক কৌশল গুলির ঘটনা হ্রাস করতে ও প্রাণ বাঁচাতে কার্যকর। আমরা গভর্নর হোকলকে এই উদ্যোগে তার সমর্থন ও বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারেরা প্রতিনিয়ত তাদের মতো নিউ ইয়র্কবাসীদের সেবা ও সুরক্ষা প্রদান করতে যেই কাজ করে তার প্রশংসা করছি।"

গভর্নর হোকল 30 জুন, বৃহস্পতিবার আইনসভায় একটি এক্সট্রাঅর্ডিনারি অধিবেশন আহ্বান করেছেন যেখানে মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের নিউ ইয়র্ক স্টেট রাইফেল ও পিস্তল অ্যাসোসিয়েশন (New York State Rifle and Pistol Association, NYSRPA) বনাম ব্রুয়েন সিদ্ধান্তের সাড়াদান করে নতুন বন্দুক নিরাপত্তা বিধিমালা পাশ করা হবে। সিদ্ধান্তটি একটি 100 বছর পুরনো আইনি নজির বদলে দিয়েছে যা দ্বারা ব্যক্তিদের একটি গোপন আগ্নেয়াস্ত্র বহন করার লাইসেন্স পেতে "যথাযথ কারণ" প্রদর্শন করতে হতো। এর সাড়াদান করতে, প্রশাসন আইনসভার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে যাতে একটি নতুন পলিসি পরিকল্পনা করতে পারে যা গোপনে বহন করার অনুমতির সুযোগ কঠোরভাবে এবং সতর্কতার সাথে নিয়ন্ত্রণ করতে পারবে এবং একইসাথে আইনের আওতায় থাকতে পারবে।

যদিও সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের দীর্ঘমেয়াদি প্রভাব রয়েছে, আগ্নেয়াস্ত্র লাইসেন্স করতে বা এর অনুমতি নেওয়ার ব্যাপারে এর কোনও তাৎক্ষণিক প্রভাব নেই। এর অর্থ হলো লোকজন বর্তমানে আবশ্যক পারমিট বা লাইসেন্স ছাড়াই অবিলম্বে গোপনে আগ্নেয়াস্ত্র বহন করা শুরু করতে পারবেন না। এখন পর্যন্ত লাইসেন্স বা পারমিট প্রাপ্তির জন্য আবেদনের প্রক্রিয়া অপরিবর্তিত রয়েছে। "বিধিনিষেধহীনভাবে আগ্নেয়াস্ত্র বহন করার" পারমিট পাওয়ার জন্য নিজেদের পারমিটের অবস্থা পরিবর্তন করতে ইচ্ছুক ব্যক্তিদের অবশ্যই তাদের স্থানীয় লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের কাছে আবেদন দাখিল করতে হবে। বন্দুকের মালিকদের অবশ্যই বর্তমান সীমাবদ্ধতা অনুসরণ করতে হবে।

আজকের ঘোষণাটি নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতা মহামারীকে আগ্রাসীভাবে আক্রমণ করার গভর্নর হোকলের অব্যাহত অঙ্গীকারের অনুবর্তী। এই মাসের শুরুর দিকে, গভর্নর একটি ল্যান্ডমার্ক বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করেন যা স্টেটের বন্দুক আইন অবিলম্বে জোরদার করবে এবং বাফেলো ও ইউভাল্ডি গুলিবর্ষকদের দ্বারা প্রকাশিত অতি গুরুত্বপূর্ণ লুপহোল বন্ধ করবে। দশ বিলের প্যাকেজটি একটি লাইসেন্স আবশ্যিক করে 21 বছরের বয়সীদের কাছে সেমিঅটোম্যাটিক রাইফেলের বিক্রি নিষিদ্ধ করে, উপযুক্ত কোনও পেশায় নিযুক্ত নয় এমন সকলের জন্য বডি আর্মার ক্রয় নিষিদ্ধ করে, এবং রেড ফ্ল্যাগ আইন (Red Flag Law) জোরদার করে।

2023 অর্থবছরের স্টেট বাজেটে 227 মিলিয়ন মার্কিন ডলার তহবিল রয়েছে আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠনগুলির বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টা জোরদার করতে সাহসী উদ্যোগের জন্য। এর মধ্যে আছে সম্প্রদায়ের স্থিতিশীলকরণ ইউনিটের

(Community Stabilization Units) ব্যবহার সম্প্রসারণ করতে 13.1 মিলিয়ন মার্কিন ডলার, বন্দুক সহিংসতা প্রতিরোধে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সরাসরি সমর্থনে 18 মিলিয়ন মার্কিন ডলার, বন্দুক সহিংসতার পরবর্তীতে আঞ্চলিক চাহিদার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার, এবং বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসের (Office of Gun Violence Prevention) জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন